গাংনী পৌরসভার ১৩২ কোটি টাকার বাজেট ঘোষণা

আয়ের সঙ্গে ব্যয়ের সমন্বয় করে মেহেরপুরের গাংনী পৌরসভার ২০২২-২৩ অর্থ বছরের জন্য ১৩১ কোটি ৭৫ লাখ ৬৩ হাজার ৭০৮ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে।
আজ রবিবার বিকালে গাংনী পৌরসভার হল রুমে উন্মুক্ত বাজেট অনুষ্ঠানে বাজেট পেশ করে সহকারী প্রকৌশলী শামিম রেজা। বাজেটে নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পে জোর দেয়া হয়েছে। বাজেটে আয় ধরা হয়েছে বাজেটের সমপরিমাণ। বাজেট অধিবেশনে পৌর কাউন্সিলর, কর্মকর্তা কর্মচারি ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন। বাজেট বক্তৃতায় পৌর মেয়র আহম্মেদ আলী বলেন, গাংনী পৌর শহরের বাসস্ট্যান্ডে ফোরলেন সড়ক হওয়ার সঙ্গে সঙ্গে শহরের মধ্যে দৃষ্টি নন্দন আলোর ব্যবস্থা করা হবে। যা শহরের সৌন্দর্য বৃদ্ধি পাবে এবং পথচারীরা প্রশংসা করবে। গাংনী পৌরসভাকে প্রথম শ্রেনীতে উন্নীতকরণের সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছ্। খুব শিঘ্রই গাংনী পৌরসভা প্রথম শ্রেনীর পৌরসভার গৌরব অর্জন করবে। পৌরবাসীকে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থাসহ সুপেয় পানি সরবরাহ করার সকল কার্যক্রম সমপন্ন হয়েছে বলে জানান পৌর মেয়র আহম্মেদ আলী।

ধর্ষণ মামলার অভিযোগে ব্র্যাকের গাংনী ব্রাঞ্চের এক মাঠ কর্মী গ্রেফতার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে ধর্ষণ মামলার আসামী জগন্নাথ মন্ডল ওরফে শিমুল (৩৩) নামের এক এনজিও কর্মীকে গ্রেফতার করেছেন।

গ্রেফতারকৃত জগন্নাথ মন্ডল ওরফে শিমুল বেসরকারী উন্নয়ন সংস্থা

ব্র্যাকের মাঠ কর্মী। সে ব্র্যাকের গাংনী ব্রাঞ্চে কর্মরত।
সে যশোরের কেশবপুর উপজেলার সাগরদাঁড়ি গ্রামের সুনিল মন্ডলের ছেলে।

গাংনী থানা পুলিশের একটি ইউনিট তার নিজ বাড়ি যশোরের কেশবপুর উপজেলার সাগরদাঁড়ি গ্রামে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে গাংনী থানায় নিয়ে আসে।

মামলার বাদী গাংনী উপজেলার ইকুড়ি গ্রামের এক নারী গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, জগন্নাথ মন্ডল ব্র্যাকের গাংনী শাখায় কর্মরত থাকা অবস্থায় ইকুড়ি গ্রামের সমিতির একটি দলের লোনের কিস্তি আদায় করতেন। এসময় ওই নারীর সাথে পরকীয়া প্রেমের সম্পর্ক গড়ে তোলেন। এক পর্যায়ে প্রলোভন দিয়ে তাকে ২০২১ সাল থেকে চলতি ২০২২ সাল পর্যন্ত বিভিন্ন সময়ে ধর্ষণ করেন। এঘটনায় ভিকটিম বাদী হয়ে ২০০০ সালের নারী ও শিশু দমন নির্যাতন আইন সংশোধনী ২০০৩ এর ৯(১) ধারায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ১৯, তারিখ ১১/০৬/২০২২ ইং। মামলাটি হওয়ার পর জগন্নাথ মন্ডল পলাতক ছিলেন।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাফিজুর রহমানের নেতৃত্বে পুলিশের একটি ইউনিট গতকাল শনিবার (১৮ জুন) দিবাগত মধ্যরাতে গোপন খবরের ভিত্তিত্বে তার যশোরের নিজ বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

আজ রবিবার (১৯ জুন) গ্রেফতারকৃত জগন্নাথ মন্ডলকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

ব্র্যাকের মেহেরপুর জেলা সমন্বয়কারী ফজলুর রহমান জানান, তার বিরুদ্ধে মামলা হওয়াসহ অর্থিক অনিয়ম হওয়ায় এক মাস আগে সে চাকুরী ছেড়ে চলে গেছে। তার সাথে এখন ব্র্যাকের কোনো যোগাযোগ নেই।

গাংনীতে হেরোইন ও গা*জাসহ তিন যুবককে আটক করেছে মাদকদ্রব্য অধিদপ্তর

হেরোইন ও গাঁজাসহ তিন যুবককে আটক করেছে মেহেরপুর মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল।

আটকরা হলেন, গাংনী উপজেলার হোগলবাড়িয়া গ্রামের রহিদুল ইসলামের ছেলে রাজা হোসেন (২০), আকুবপুর গ্রামের মনিরুল ইসলামের ছেলে ইব্রাহিম হোসেন (২৮) ও কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার খলিশাকুন্ডি গ্রামের মোনায়েব হোসেনের ছেলে আতিকুর রহমান ওরফে শৌরভ (২০)।

আজ রবিবার (১৯ জুন) সকালের দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের আকুবরপুর মাঠের মধ্যে থেকে অভিযান চালিয়ে এ তিন জনকে আটক করে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিপ্তরের একটি ইউনিট।

আটক তিন জনের কাছ থেকে দেড় গ্রাম হেরোইন ও ৭০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে।

মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক (এসআই) মদন কুমার জানান, মাদকদ্রব্যের একটি চালান পাচার হচ্ছে এমন সংবাদে সেখানে অভিযান চালানো হয়। পরে ওই তিনজনকে চ্যালেঞ্জ করলে তারা পালানোর চেষ্টা করে। এসময় তাদের আটক করা হয়।
মাদকদ্রব্য উদ্ধারের ঘটনায় গাংনী থানায় একটি নিয়মিত মামলা দিয়ে তিনজনকে হস্তান্তর করা হয়েছে।

বন্যার্তদের সহযোগীতায় সকলকে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনীর জুগিন্দা মাঠে বিরোধের জের ধরে ফসল কেটে তসরুপ

শুধু ফসল তছরুপ নয়, ঠেকাতে গেলে নারীদের গায়ে হাত তুলতেও বাধ রাখেননি আযান গ্রামের আদম আলী। সাথে ছিলো কয়েকজন ক্যাডার বাহিনী এমনি অভিযোগ করলেন জুগিন্দা গ্রামের কৃষক আলমগীর হোসেন।

তিনি অভিযোগ করেন, শুধু আমার কাচা মরিচের ক্ষেতই নয়, এ গ্রামের চাঁদ আলীর বাগানের আম গাছ, সেরেকুলের পাটক্ষেত তসরুপ করে।

এছাড়াও বিরোধপূর্ণ জমির মালিক জমিরুল ইসলামের জমির বিভিন্ন প্রজাতির বিদেশী ঘাস কোদাল দিয়ে উপরে দেয়।শনিবার দুপুরের দিকে গাংনী উপজেলায় জুগিন্দা গ্রামের মাঠে ফসল তছরুপের এ তান্ডব চালান আযান গ্রামের আদম আলী ও তার লোকজন।

জুগিন্দা গ্রামের কৃষক আলমগীর হোসেন জানান, আমার প্রতিবেশীর সাথে আজান গ্রামের আদম আলীর সাথে জমি সংক্রান্ত বিরোধ রয়েছে। জুগিন্দা গ্রামের প্রত্যহ্মদর্শিরা জানান, আদম আলীর নেতৃত্বে ওই গ্রামের ইসলাম আলী, লিটনসহ আরও কয়েকজনের সংঘবদ্ধ দল মাঠে এসে এই তান্ডব চালায়। মহিলারা নিষেধ করলে তাদেরকেও মারধর করে। এব্যাপারে গাংনী থানায় অভিযোগ করার প্রস্তুতি চলছে বলে জানান কৃষক আলমগীর।

বেগমপুরে জোরপুর্বক উস্তে ও শসা বাগান কেটে সাবাড়

দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামে শরিফুলের উস্তে ও শসা বাগান জোরপুর্বক কেটে দেওয়ার অভিযোগ উঠেছে আওয়ামী লীগ নেতা সেলিমের বিরুদ্ধে। এঘটনায় দর্শনা থানায় করা হয়েছে লিখিত

অভিযোগ।

অভিযোগ জানা যায়, ফুরশেদপুর গ্রামের রবিউল হকের ছেলে শরিফুল ইসলাম একই ইউনিয়নের শৈলমারী গ্রামের মৃত সাদেকের ছেলে জহিরুলের নিকট হতে ৭০ হাজার টাকায় ২ বছর চাষাবাদের জন্য ৩ বিঘা ৬ কাঁঠা মাঠান জমি মৌখিক ভাবে বন্ধক গ্রহণ করে।

বন্ধককৃত জমিতে চাষাবাদ শুরু করে শরিফুল। বন্ধককৃত জমির সময়সীমা শেষ হওয়ার পূর্বেই জমিতে থাকা ফলন্ত উস্তের বাণ ও বপনকৃত শসার বীজ নষ্ট করে চাষাবাদের অভিযোগ উঠেছে ইউনিয়নের হরিশপুর উত্তরপাড়ার মৃত আহাদের ছেলে আ.লীগ নেতা সেলিমের বিরুদ্ধে।

অভিযোগে উল্লেখ করা হয়েছে, শর্ত অনুযায়ী জমি লীজের মেয়াদ ২ বছর শেষ না হওয়া পর্যন্ত জমি মালিক জমি নিতে পারবে না। নির্ধারিত সময়ে জমি গ্রহণ করিতে হইলে মালিকপক্ষকে মেয়াদ শেষ হওয়ার ৩ মাস পূর্বে লীজ গ্রহীতাকে জানাতে হবে।

এদিকে সকল শর্ত উপেক্ষা করে ১ মাস ৭ দিন পূর্বে জমির মালিক জাইরুলের প্ররোচনায় ২ নং বিবাদি সেলিম গত ১৫ জুলাই বুধবার সকাল ৮টায় জমি লীজ গ্রহীতাকে না জানিয়ে জোরপূর্বক ভাবে জমিতে থাকা ফসলাদি নষ্ট ও বাণ ভাঙ্গিয়া ফেলে।

এ বিষয়টি জানতে পেরে লীজ গ্রহীতা শরিফুল ইসলাম ২ নং বিবাদীকে এরুপ করার কারণ জিজ্ঞাসা করিলে তাকে অকথ্য ভাষায় গালিগালাজ সহ বিভিন্ন ধরনের হুমকী-ধামকী করা হয় বলে অভিযোগ করা হয়েছে।

এঘটনায় শরিফুল ইসলাম বাদি হয়ে দর্শনা থানায় জাইরুল ও সেলিমের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ করেছে।এবিষয়ে সেলিমর সাথে মোবাইল ফোনে যোগাযোগ করতে গেলে মোবাইল বন্ধ পাওয়া যায়।

গাংনীতে নাটক ‘লোকটার বুক

পকেটে অহংকার ছিল’ মঞ্চায়ন

বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার জয়ী কথা সাহিত্যিক রফিকুর রশীদ রিজভী’র গল্প অবলম্বনে নতুন নাটক “লোকটার বুক পকেটে অহংকার ছিল” মঞ্চায়ন হয়েছে।

শনিবার দুপুরে গাংনী সরকারী ডিগ্রি কলেজ মিলনায়তনে নাটকটি মঞ্চায়িত হয়।

মুজিব জন্মশতবর্ষ স্বাধীনতার সূর্বণ জয়ন্তী উদ্যাপন উপলক্ষে সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে ৩৫০টি নটক মঞ্চায়নের লক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমী এ নাটকের আয়োজন করে।

গাংনী থিয়েটারের পরিচালক হামিদুল হিল্লোলের নাট্যরুপে এবং পরিচালনায় “লোকটার বুক পকেটে অহংকার ছিল” নাটকটি সফল মঞ্চায়ন হয়।

গতকাল শুক্রবার রাত ৯টায় গাংনী উপজেলা অডিটরিয়ামে নাটকের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, মেহেরপুর শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাঈদুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন জেলা আইনজীবি সমিতির সাবেক সভাপতি ও গাংনী থিয়েটারের সভাপতি অ্যাডভোকেট একেএম শফিকুল আলম। বক্তব্য দেন জেলা কন্যাশিশু এডভোকেসি ফোরামের সভাপতি সিরাজুল ইসলাম। এ

ক ঘন্টার এই নাটকে মুক্তিযুদ্ধকালীন সময়ে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ ও বাংলাদেশের মানুষের জন্য যে নির্দেশনা দিয়েছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তা ফুটে ওঠে।

হামিদুল হিল্লোল, আফরোজা তানী, মুশফিক আহমেদ ডরিন ও রাশাদুজ্জামান রানা অভিনিত নাটক বিভিন্ন শ্রেনী পেশার মানুষ ছাড়াও মেহেরপুরের অরনি থিয়েটারসহ বিভিন্ন নাট্যগোষ্ঠি নাটকটি উপভোগ করেন।

দর্শনায় ভারতীয় থ্রিপিচসহ ব্যবসায়ী আটক

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ভারতীয় থ্রিপিচ সহ আব্দুর রউফ ওরফে বাবুকে (৪৫) নামের এক ব্যবসায়ীকে আটক করেছে। শনিবার দুপুরের দিকে তাকে ভারতীয় মালামাল সহ দর্শনা রেলবাজারের ব্যবসা প্রতিষ্ঠান হতে আটক করে।

সে দর্শনা ইসলাম বাজারের রুস্তম আলীর ছেলে ও দর্শনা রেলবাজারের রিফাহ ষ্টোরের ব্যবসায়ী।

পুলিশ জানায়, শনিবার দুপুর আড়াইটার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নির্দেশনায় থানার এসআই আহম্মেদ আলী সহ সঙ্গীয় অফিসার ফোর্স নিয়ে চোরাচালান বিরোধী অভিযান চালায় দর্শনা রেলবাজারে।

এ সময় বাজারের রিফাহ ষ্টোরে অভিযান পরিচালনা করে ব্যবসা প্রতিষ্ঠানে থাকা ভারতীয় ১২৭ পিচ থ্রিপিচ উদ্ধার সহ আটক করা হয় ব্যবসায়ী আব্দুর রউফ।

আটক আব্দুর রউফের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের সহ তাকে জেল হাজতে প্রেরন করেছে।

দর্শনায় গাঁজাসহ ২ যুবক গ্রেফতার

দর্শনা সাড়াবাড়ীয়া-চন্ডিপুর সড়কে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেছে দর্শনা থানা পুলিশ। এ অভিযানে মাদকদ্রব্য গাঁজা উদ্ধার সহ গ্রেফতার করা হয়েছে দুই মাদক ব্যবসায়ীকে।

এরা হলেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের বড়বলদিয়া গ্রামের মৃত সোহরাব হোসেনের ছেলে ইমরান

হোসেন (২৭) ও একই ইউনিয়নের নাস্তিপুর গ্রামের মৃত জয়নাল আবেদিন ওরফে জগের ছেলে অন্তর আলী (২৫)।

পুলিশ জানায়, শনিবার বেলা সোয়া ১১ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নির্দেশে থানার এসআই তারিফুজ্জামান, এএসআই মারুফুল ইসলাম সহ সংঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা থানাধীন সাড়াবাড়ীয়া-চন্ডিপুর এলাকায়।

এসময় অবৈধ মাদকদ্রব্য গাঁজা বিক্রয়ের উদ্দেশ্যে নিজেদের হেফাজতে থাকা ১ কেজি গাঁজা সহ ইমরান হোসেন ও অন্তর আলীকে গ্রেফতার করা হয়। তাদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদক আইনে মামলা রুজু করা হয়েছে। তাদের দুজনকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।

গাংনীতে পৃথক সংঘর্ষে তিনজন আহত

জমি জমা ও পারিবারিক কলহের জের ধরে সৃষ্ট পৃথক সংঘর্ষে ৩ জন আহত হয়েছেন।

আজ শনিবার (১৮ জুন) সকালে ও দুপুরের দিকে গাংনী উপজেলার ধানখোলা ও আযান গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা হলেন গাংনী গাংনী উপজেলার ধানখোলা গ্রামের মুছাব উদ্দীনের ছেলে কদম আলী (৫৬), মেছের আলীর ছেলে মোসারফ হোসেন (৪০) ও আযান গ্রামের বাউল শেখের ছেলে মজনু হোসেন (৩৫)।

আহতদের গাংনী উপজেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে।